**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কর কমিশনার এর কার্যালয়**
**কর অঞ্চল-৩, চট্টগ্রাম।**

# উৎসে আয়কর কর্তন/সংগ্রহ ও সরকারী কোষাগারে জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে আয়কর সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ এর স্বারক নং-০৮.০১.০০০০.০২৭.০৯.০০১..০১২ তারিখঃ ২৯-০৭-২০১২ ইং মোতাবেক রাঙ্গামাটি ও খগড়াছড়ি সিভিল জেলায় অবস্থিত আয়কর কর্তনকারী কর্তৃপক্ষ কর্তৃক আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর নিম্নবর্ণিত ধারা এবং এস,আর,ও অনুযায়ী খাত সমূহের উৎসে কর্তিত/ সংগৃহীত আয়কর এর অধিক্ষেত্র কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর উপর ন্যস্ত করা হইয়াছে। উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষের সুবিধার্থে অর্থ আইন-২০১৪ অনুযায়ী এবং সর্বশেষ সংশোধিত উৎসে কর কর্তনের/ সংগ্রহের হার ও বিধানাবলী নিম্নে উলেখ করা হইলঃ

| ক্রমিক | উৎস সমুহ | আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা সমুহ/ এস,আর,ও | আয়কর বিধিমালা ১৯৮৪ এর বিধি সমুহ | আয়কর কর্তনকারী/সংগ্রহকারী কর্তৃপক্ষ | আয়কর কর্তনের হার | |
|---|---|---|---|---|---|---|
| ১ | বেতন | ৫০ | | রাঙ্গামাটি ও খাগড়াছড়ি সিভিল জেলায় অবস্থিত সকল সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত, বেসরকারী ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমুহ এবং ইংরেজী বর্ণমালা F, G, H, K, M দ্বারা শুরু সকল লিমিটেড কোম্পানী সমূহ; | কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি হইতে ব্যক্তি করদাতাদের জন্য প্রযোজ্য হারে আয়কর কর্তন করিতে হইবে। | |
| ২ | ঠিকাদারী চুক্তি, সাব-কন্ট্রাক ও মালামাল সরবরাহ | ৫২ | ১৬ | রাঙ্গামাটি,খাগড়াছড়ি সিভিল জেলার সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহ, বিধিবদ্ধ কর্পোরেশন এবং এর ইউনিটসমূহে, সকল কোম্পানী ( অনিবাসী ও জয়েন্ট ভেঞ্চার কোম্পানীসহ ), ব্যাংক ও বীমা কোম্পানী, সমবায় ব্যাংক, বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ এবং এনজিও ব্যুরোর সহিত নিবন্ধিত এনজিও সমূহ। | ২,০০,০০০/- অধিক না হলে... | শুন্য |
| | | | | | ২,০০,০০০/- অধিক কিন্ত ৫,০০,০০০/- অধিক নহে... | ১% |
| | | | | | ৫,০০,০০০/- অধিক কিন্ত ১৫,০০,০০০/- অধিক নহে... | ২.৫% |
| | | | | | ১৫,০০,০০০/- অধিক কিন্ত ২৫,০০,০০০/- অধিক নহে... | ৩.৫% |
| | | | | | ২৫,০০,০০০/- অধিক কিন্ত ৩,০০,০০,০০০/- অধিক নহে... | ৪% |
| | | | | | ৩,০০,০০,০০০/- অধিক... | ৫% |
| ৩ | সঞ্চয় পত্রের সুদ | ৫২ ডি | | জাতীয় সঞ্চয় পরিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, সকল তফশিলি ব্যাংক ও পোষ্ট অফিস। | ৫% | |
| ৪ | মালামাল অথবা সম্পদ নিলামের মাধ্যমে বিক্রয়। | ৫৩ সি | | সকল নিলামকারী কর্তৃপক্ষ। | ৫% | |
| ৫ | পোষ্ট অফিস জমা এবং সঞ্চয়ী হিসাব। | ৫৩ আই | | পোষ্ট অফিস। | ১০% | |

উপরে বর্নিত খাত সমূহ ছাড়াও রাঙ্গামাটি এবং খাগড়াছড়ি সিভিল জেলার সকল খাতের উৎসে কর কর্তনের অধিক্ষেত্র কর অঞ্চল-৩, চট্টগ্রামের অধিক্ষেত্রাধীন হওয়ায় বিধি মোতাবেক সকল খাতে উৎসে কর কর্তন করতঃ উপ কর কমিশনার ( সদর দপ্তরঃ প্রশাসন ), কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর অনুকুলে ডিডি/ ব্যাংক ড্রাফট/ চালানের মাধ্যমে পরিশোধ করতঃ কর অঞ্চল-৩, চট্টগ্রাম এর নিকট প্রেরন করতে হবে।

উৎসে কর্তিত কর জমা দানের সময়সীমা ঃ

উৎসে কর্তিত হয়েছে এরুপ কর যে তারিখে কর্তন বা সংগ্রহ করা হয়েছে, সেই তারিখ হতে পরবর্তী ৩(তিন) সপ্তাহের মধ্যে কর্তনকারী কর্তৃক সরকারী কোষাগারে জমা দিতে হবে।

*উৎসে কর্তনকৃত আয়কর চালানের মাধ্যমে জমার ক্ষেত্রে হিসাবের খাত ঃ

| | |
|---|---|
| কোম্পানীর জন্য | ১-১১৪১-০০৫০-০১০১ |
| কোম্পানী ব্যতীত | ১-১১৪১-০০৫০-০১১১ |

**উৎসে কর কর্তন এবং সরকারী কোষাগারে জমাদানে ব্যর্থতায় আইনী বিধানঃ**

উপরোক্ত বিধি মোতাবেক উৎসে কর কর্তন/সংগ্রহ এবং সরকারী কোষাগারে জমাদানের ব্যর্থতায় সংশিষ্ট কর্তৃপক্ষকে অধ্যাদেশের ৫৭ ধারানুসারে খেলাপকারী করদাতা ( Assessee in Default )হিসাবে গণ্য করতঃ মাসিক ২% হারে জরিমানাসহ উক্ত কর আদায় এবং ১৬৪ ধারানুসারে ১ বৎসরের জেল ও জরিমানা অথবা উভয়দন্ডে দন্ডিত করিবার বিধান রহিয়াছে।

জাতীয় রাজস্ব আহরণে সংশিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করা যাইতেছে।

* এই বিষয়ে কোন তথ্য, ব্যাখ্যা অথবা পরামর্শের জন্য প্রয়োজনে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সহিত যোগাযোগের অনুরোধ জানান হইলঃ

| কর্মকর্তা | পদবী | কর্মস্থল | ফোন |
|---|---|---|---|
| বেগম সফিনা জাহান | অতিরিক্ত কর কমিশনার | পরিদর্শী রেঞ্জ-১, কর অঞ্চল-৩, চট্টগ্রাম। | ০৩১-৭২৩৭১৪ |
| হেমল দেওয়ান | যুগ্ম কর কমিশনার | পরিদর্শী রেঞ্জ-২, কর অঞ্চল-৩, চট্টগ্রাম। | ০৩১-৭২৩৯৩৩ |
| মুরাদ আহমেদ | উপ-কর কমিশনার | (সদর ঃ প্রশাসন ), কর অঞ্চল-৩, চট্টগ্রাম। | ০৩১-৭২৮৩২৬ |

( মোঃ নজরুল ইসলাম )
কর কমিশনার
কর অঞ্চল-৩, চট্টগ্রাম ।